

তার অন্ত নাই গো যে আনন্দে গড়া আমার অঙ্গ ।
 তার অণু-পরমাণু পেল কত আলোর সঙ্গ,
 ও তার অন্ত নাই গো নাই ।
 তারে মোহনযন্ত্র দিয়ে গেছে কত ফুলের গন্ধ,
 তারে দোলা দিয়ে দুলিয়ে গেছে কত ঢেউয়ের ছন্দ,
 ও তার অন্ত নাই গো নাই ।
 আছে কত সুরের সোহাগ যে তার স্তরে স্তরে লগ্ন,
 সে যে কত রঙের রসধারায় কতই হল মগ্ন,
 ও তার অন্ত নাই গো নাই ।
 কত শুকতারা যে স্বপ্নে তাহার রেখে গেছে স্পর্শ,
 কত বসন্ত যে ঢেলেছে তায় অকারণের হর্ষ,
 ও তার অন্ত নাই গো নাই ।
 সে যে প্রাণ পেয়েছে পান করে যুগ-যুগান্তরের স্তন্য—
 ডুবন কত তীর্থজলের ধারায় করেছে তায় ধন্য,
 ও তার অন্ত নাই গো নাই ।
 সে যে সঙ্গিনী মোর, আমারে সে দিয়েছে বরমাল্য ।
 আমি ধন্য, সে মোর অঙ্গনে যে কত প্রদীপ জ্বালল—
 ও তার অন্ত নাই গো নাই ॥

Parjaay: Puja, Taal: Ektaal, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail